

এসএসসির ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়

■ সমকাল ডেস্ক

এসএসসি ও সমমানের পরীক্ষার ফরম পূরণে বিভিন্ন স্থানে শিক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফির তুলনায় তিন-চার গুণ বেশি টাকা আদায় করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর:

গোপালগঞ্জ : জেলায় কাশিয়ানী উপজেলায় এসএসসির ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফির তুলনায় তিন-চার গুণ বেশি টাকা আদায় করা হচ্ছে বলে অভিযোগ করেছেন অভিভাবকরা। উপজেলায় ৩৪টি উচ্চ বিদ্যালয় ও ১০টি মাদ্রাসায় ফরম পূরণে ২ হাজার ৫০০ থেকে ৪ হাজার টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে বলে তারা অভিযোগ করেন। এ নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। নির্বাচনী পরীক্ষায় সব বিষয়ে শাস করা শিক্ষার্থীদের কাছ থেকে ২ হাজার ৫০০ টাকা, এক বিষয়ে ফেল করা শিক্ষার্থীদের কাছ থেকে ৩ থেকে সাড়ে ৩ হাজার টাকা এবং দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের কাছ থেকে সাড়ে ৩ হাজার থেকে ৪ হাজার টাকা আদায় করা হচ্ছে।

অঞ্চল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের স্বারক অনুমোদিত বিজ্ঞান বিভাগের ফরম পূরণে ১ হাজার ১০০ টাকা এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ফরম পূরণে ১ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। এদিকে কাশিয়ানী উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি ফরম পূরণে সর্বোচ্চ ২ হাজার ৫০০ টাকা ফি নির্ধারণ করেছে। কাশিয়ানী উপজেলা শিক্ষক সমিতির সভাপতি জয়নুদ্দিন মুহাম্মদ বলেন, ফরম পূরণে ২ হাজার ৫০০ টাকা গত বছর নির্ধারণ করা হয়েছিল। এ বছরও এটি বহাল রয়েছে।

বরগুনা : বরগুনা জিলা স্কুল ও সরকারি বালিকা বিদ্যালয়ে এসএসসির ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ পাওয়া গেছে। অভিভাবকদের অভিযোগ, কোনোরকম রসিদ ছাড়াই বিভিন্ন খাত দেখিয়ে বোর্ডের নির্ধারিত ফির তুলে বেশি অর্থ নেওয়া হচ্ছে। এ ছাড়া শিক্ষার্থীদের কাছ থেকে প্রতি মাসে সরকার নির্ধারিত

বেতনের প্রায় ১৬ গুণ বেশি অর্থ আদায় করা হচ্ছে। বরগুনা জিলা স্কুলের শিক্ষার্থীদের ফরম পূরণ ব্যবদ ২ হাজার ৮০০ টাকা এবং বরগুনা সরকারি বালিকা বিদ্যালয়ে ২ হাজার ৯১৫ টাকা করে নেওয়া হয়। সর্গশ্রীরা জানান, বোর্ড নির্ধারিত ফি নির্ধারণ করা হয়েছে ১ হাজার ৪০০ টাকা। বরগুনা জিলা স্কুলের প্রধান শিক্ষক হাদিনা বেগম বলেন, বেশি অর্থ নেওয়ার প্রসই আসে না।

বেতাগী (বরগুনা) : উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়গুলোতে এসএসসির ফরম পূরণে নির্ধারিত ফির সঙ্গে নানা খাতের নামে ২ হাজার ১০০ থেকে শুরু করে ২ হাজার ৮৫০ টাকা পর্যন্ত ফি আদায় করা হচ্ছে। অঞ্চল বোর্ড নির্ধারিত ফি, কেন্দ্র ফিসহ মানবিক বিভাগে ৮৯৫ টাকা ও বিজ্ঞান পাতায় ৯৭০ টাকা।

নানা খাতের নামে এই টাকা পরীক্ষার্থীদের কাছ থেকে আদায় করা হচ্ছে বলে কর্তৃপক্ষের বিরুদ্ধে শিক্ষার্থীদের অভিযোগ। বেতাগী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম কবির বলেন, অতিরিক্ত অর্থ আদায়ের বিষয়টি মত্যা নয়। আমরা বিদ্যালয়ের উন্নয়ন খাতসহ বিভিন্ন খাতে টাকা নিচ্ছি। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পেম পাছল্লাহান বলেন, অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ প্রমাণিত হলে ব্যবস্থা নেওয়া হবে।

গাইবান্ধা : মাধ্যমিক পর্যায়ে পিকা প্রতিষ্ঠানগুলো ফি আদায়ের

ক্ষেত্রে পিকা বোর্ডের নিয়মনীতির তোয়াজা করছে না। অভিযোগ পেয়েও অজ্ঞাত কারণে পিকা অফিস বিষয়টি আমলে নিচ্ছে না। জেলায় ৩২৪টি মাধ্যমিক বিদ্যালয় ও ১৯২টি দাখিল মাদ্রাসা রয়েছে। ফরম পূরণের ক্ষেত্রে দিনাজপুর পিকা বোর্ড প্রতি পরীক্ষার্থীর জন্য জেলায় পিকা প্রতিষ্ঠানগুলোতে সব বিভাগে প্রায় দুই হাজার টাকা ফি আদায় করা হচ্ছে। মানবিকে ১ হাজার ১৫০ টাকা এবং বিজ্ঞান বিভাগে ১ হাজার ২১০ টাকা নির্ধারণ করে দেয়। এ ব্যাপারে জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আঞ্জাহার আলী বলেন, এসএসসি পরীক্ষার ফরম পূরণে বিভিন্ন বিদ্যালয়ে অতিরিক্ত ফি আদায়ের বিষয়টি সম্পর্কে জেনেছি।



গোপালগঞ্জ
বরগুনা বেতাগী
গাইবান্ধা